গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**রাজস্ব বাজেট শাখা**
**www.ictd.gov.bd**

**বিষয় ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)-র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| তারিখ ও সময় | ঃ | ২৯.১২.২০১৫ খ্রিঃ, সকাল ১০.০০ টা। |

**উপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপ-সচিব (বাজেট) জানান যে, অর্থ বিভাগ কর্তৃক এ বিভাগের আগামী ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটের ব্যয়সীমা যথাক্রমে ১১৯৪.১০ কোটি, ১৩১৩.৫০ কোটি ও ১৪৪৪.৮৪ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে; যা চাহিদার তুলনায় অনেক কম। সুষ্ঠুভাবে বাজেট প্রণয়নের নিমিত্ত গত ১৭.১২.২০১৫ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপের ১টি সভা অনুষ্ঠিত হয়। উপ-সচিব (বাজেট) এ বিভাগ এবং এর আওতাধীন সংস্থাসমূহের আগামী ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের নির্ধারিত ব্যয়সীমা অনুযায়ী প্রস্তুতকৃত বাজেট প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। পর্যালোচনাকালে দেখা যায়, এ বিভাগ এবং এর অধীনস্থ সংস্থাসমূহের প্রকল্প ও কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য আগামী ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরে যথাক্রমে ২২৯৬.২৫ কোটি, ৩৪৮৩.৭৯ কোটি ও ৩৯৬৬.২২ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। সে হিসাবে এ বিভাগের এমটিবিএফ এর আওতায় আগামী ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরে যথাক্রমে ১১০২.১৫ কোটি, ২১৭০.২৯ কোটি ও ২৫২১.৩৮ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। সভাপতি উল্লেখ করেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত সরকারের একটি "থার্স্ট সেক্টর"। এ বিভাগের দায়িত্ব ও কর্মপরিধি সকল মন্ত্রণালয়/বিভাগের সাথে সম্পৃক্ত আছে। এ বিভাগ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। ইতোমধ্যে এ বিভাগ সাফল্যজনকভাবে কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে। হাই-টেক পার্ক স্থাপন, ইউনিয়ন পর্যন্ত তথ্য প্রযুক্তি সেবা পৌছানো, অনলাইনে কাজের মাধ্যমে অর্থ উপার্জন, ই-কমার্স সম্প্রসারণ এবং সফ্টওয়্যার রপ্তানিসহ নানা ক্ষেত্রে সরকারের পৃষ্ঠপোষকতার প্রয়োজন রয়েছে। রুটিন কাজের মূল্যায়নের ভিত্তিতে বাজেট বরাদ্দ করা হলে সরকারের যে অগ্রাধিকার খাতগুলো রয়েছে তা বাস্তবায়ন করা দুরূহ হয়ে পড়বে। সভায় এ বিষয়ে অর্থ বিভাগের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হয়।

উপ-সচিব (বাজেট) এ বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহ হতে প্রাপ্ত চলতি ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেট সভায় উপস্থাপন করেন। সংশোধিত বজেট পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৫-১৬ অর্থবছরে উন্নয়ন প্রকল্পে মূল বাজেট অপেক্ষা সংশোধিত বাজেটে বরাদ্দ কম চাওয়া হয়েছে। উন্নয়ন প্রকল্পের বাজেট হ্রাস করায় সভাপতি সভায় ক্ষোভ প্রকাশ করেন। সভাপতি সভায় বলেন যে, সাধারণত মন্ত্রণালয়/বিভাগের চাহিদার প্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক অর্থ বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থ ব্যয় না হলে সেক্ষেত্রে মারাত্মক আর্থিক বিশৃংখলা সৃষ্টি হয়। অনেক সময় অর্থ বিভাগ কর্তৃক ঋণ করে মন্ত্রণালয়/বিভাগ এর অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। এ ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ ব্যয় না করা হলেও উক্ত অর্থ অলস পড়ে থাকে এবং ঋণকৃত অর্থের সুদ পরিশোধ করতে হয়।

সভায় উপস্থিত সদস্যগণ তাদের বক্তব্য উপস্থাপন করেন। সার্বিক পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**সিদ্ধান্ত ঃ**

০১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত এবং আগামী ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নিম্নরূপ প্রস্তাব করা হলো ঃ

**রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)**

| ক্রমিক নং | অধিদপ্তর/সংস্থা | মূল বাজেটে লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রাক্কলিত লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ |
|---|---|---|---|---|
| ১ | সচিবালয় | ৮.১৩৬৬ | ৮.১২৬০ | ৬.৮৯ |
| ২ | কন্ট্রোলার অব সার্টিফায়িং অথোরিটির কার্যালয় | ০.০২৭৭ | ০.০২৭৭ | ০.৫০ |
| ৩ | বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ | ১.৪০০৩ | ১.৪০০৩ | ২.০০ |
| ৪ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | ৫.৪২৬৭ | ৫.৪২৬৭ | ৬.০০ |
| ৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ০ | ০.০১০৬ | ০.৫০ |
| | সর্বমোট = | ১৪.৯৯১৩ | ১৪.৯৯১৩ | ১৫.৮৯ |

০২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেট নিম্নরূপ প্রস্তাব করা হলো ঃ

**অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের সংশোধিত ব্যয়সীমা'২০১৫-১৬ (কোটি টাকায়)**

| ক্র ঃ | অধিদপ্তর/সং | রাজস্ব | আন্তর্জাতিক সংস্থার চাঁদা | অনুমোদিত কর্মসূচি | কর্মসূচি থোক | অনুমোদিত প্রকল্প | প্রকল্প থোক | সর্বমোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সচিবালয় | ৩২.০৭৬৮ | ০.২০ | ১৩.৯৫ | ২১.৩৫৬২ | ৬০.০০ | ৮৩.০৭৭৩ | ২১০.৬৬০৩ | জাতীয় বেতন স্কেল'২০১৫ কার্যকর হওয়ায় বেতন খাতে অতিরিক্ত ১.২৪০৩ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। |
| ২ | কন্ট্রোলার অব সার্টিফায়িং অথোরিটিজ-এর কার্যালয় | ৩.৫৫৫১ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩.৫৫৫১ | জাতীয় বেতন স্কেল'২০১৫ কার্যকর হওয়ায় বেতন খাতে অতিরিক্ত ২৫.০০ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে। |
| ৩ | বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ | ৬.৮০ | ০ | ০ | ০ | ২৭৩.৭০ | ০ | ২৮০.৫০০০ | জাতীয় বেতন স্কেল'২০১৫ কার্যকর হওয়ায় বেতন খাতে অতিরিক্ত ১.২০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। |
| ৪ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | ১৬.১২৬২ | ০ | ২.০৫১৮ | ০ | ৪৪৮.২২২৭ | ০ | ৪৬৬.৪০০৭ | জাতীয় বেতন স্কেল'২০১৫ কার্যকর হওয়ায় বেতন খাতে অতিরিক্ত ১.১২৬২ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। |
| ৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ৪৪.৫৯৩৯ | ০ | ০ | ০ | ২০৭.৮৪ | ০ | ২৫২.৪৩৩৯ | জাতীয় বেতন স্কেল'২০১৫ কার্যকর হওয়ায় বেতন খাতে অতিরিক্ত ৩.০০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। |
| | সর্বমোট= | ১০৩.১৫২০ | ০.২০ | ১৬.০০১৮ | ২১.৩৫৬২ | ৯৮৯.৭৬২৭ | ৮৩.০৭৭৩ | ১২১৩.৫৫ | ৬.৮১৬৫ |

মূল বাজেটে প্রদর্শিত ব্যয়সীমার মধ্যে সংশোধিত বাজেট প্রণয়ন করা হয়েছে। জাতীয় বেতন স্কেল'২০১৫ কার্যকর হওয়ায় কর্মকর্তা/কর্মচারীদের বেতন খাতে অতিরিক্ত ৬.৮১৬৫ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে, যা মূল বাজেটে প্রদর্শিত ব্যয়সীমার অন্তর্ভুক্ত।

০৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আগামী ২০১৬-১৭ অর্থবছরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের ব্যয়সীমা নিম্নরূপ প্রস্তাব করা হলো ঃ

**অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের প্রস্তাবিত ব্যয়সীমা'২০১৬-১৭ (কোটি টাকায়)**

| ক্রঃ নং | অধিদপ্তর/সংস্থা | অংকসমূহ কোটি টাকায় | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | রাজস্ব | অনুমোদিত কর্মসূচি | কর্মসূচি থোক | অনুমোদিত প্রকল্প | প্রকল্প থোক | সর্বমোট | |
| ১ | সচিবালয় | ৩০.৭৭৩৯ | ৮.৫২০৮ | ০ | ০ | ০ | ৩৯.২৯৪৭ | ---- |
| ২ | সিসিএ কার্যালয় | ২.৯০৮৮ | ০ | ০ | ০ | ০ | ২.৯০৮৮ | --- |
| ৩ | হাইটেক পার্ক | ৬.৮৪৬০ | ০ | ০ | ১৪৮.৫০ | ০ | ১৫৫.৩৪৬০ | ---- |
| ৪ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | ৮০.৪৫৮১ | ০ | ০ | ৭৩০.১৪৪৮ | ০ | ৮১০.৬০২৯ | ৯৯৮.২৮৯৩ কোটি টাকার অনুমোদিত প্রকল্প থাকলেও ব্যয় সীমার স্বল্পতার কারণে বরাদ্দ ৭৩০.২০৪৮ কোটি টাকা দেখানো হলো। |
| ৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ১০১.০০ | ০ | ০ | ৮৪.৭৪৭৬ | ০ | ১৮৫.৭৪৭৬ | ---- |
| ৬ | আন্তর্জাতিক সংস্থাসমূহের চাঁদা | ০.২০ | ০ | ০ | ০ | ০ | ০.২০ | ---- |
| | সর্বমোট= | ২২২.১৮৬৮ | ৮.৫২০৮ | ০.০০ | ৯৬৩.৪৫২৪ | ০.০০ | ১১৯৪.১০ | |
| নির্ধারিত ব্যয়সীমা ১১৯৪.১০ কোটি টাকা হওয়ায় উক্ত সীমার মধ্যে থেকে ব্যয় বিভাজন প্রস্তুত করা হয়েছে। | | | | | | | | |

০৪। অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার মধ্যে বাজেট প্রাক্কলন প্রণয়ন করে অতিরিক্ত অর্থের জন্য উপানুষ্ঠানিক পত্র প্রেরণের রেওয়াজ রয়েছে। এ রেওয়াজ অনুসরণ করেই অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ব্যয়সীমার মধ্যে ২০১৬-১৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন প্রণয়ন এবং অতিরিক্ত বরাদ্দের জন্য উপ-আনুষ্ঠানিক পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এ বিভাগ এবং এর অধীনস্থ সংস্থাসমূহের প্রকল্প ও কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য আগামী ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরে যথাক্রমে ১১০২.১৫ কোটি, ২১৭০.২৯ কোটি ও ২৫২১.৩৮ কোটি টাকা (অর্থ বিভাগ নির্ধারিত ব্যয়সীমা ব্যতিত) অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। উক্ত অতিরিক্ত বরাদ্দসহ এ বিভাগের এমটিবিএফ এর আওতায় আগামী ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের প্রক্ষেপণ সীমা বৃদ্ধি করে যথাক্রমে ২২৯৬.২৫ কোটি, ৩৪৮৩.৭৯ কোটি ও ৩৯৬৬.২২ কোটি টাকায় উন্নীত করার জন্য অর্থ বিভাগ-কে অনুরোধ জানানো হলো। প্রয়োজনে এ বিষয়ে পৃথকভাবে উপ-আনুষ্ঠানিক পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/২/১৬

(শ্যাম সুন্দর সিকদার)
সচিব

স্মারক নম্বরঃ ৫৬.০০.০০০০.০১৮.০২.০২২.১৩- ০৭ তারিখ ঃ ০৬.০১.২০১৬ খ্রিঃ

<u>অনুলিপি (অবগতি ও সিদ্ধান্ত অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হলো)ঃ</u>

১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যাঙ্গডক ভবন, ই-১৪/ওয়াই, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৫। নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিএ), বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৭। উপ-সচিব (বাজেট/লজিস্টিক সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৮। উপ-প্রধান (পরিকল্পনা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৯। পরিচালক (শিল্প ও শক্তি সেক্টর), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। উপ-প্রধান, প্যামেস্টেক উইং, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।
১১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা[**দৃঃআঃ উপ-সচিব (বাজেট অধিশাখা-২৫)**]।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

০৬.০১.১৬

মোঃ বশীর আহাম্মেদ
সহকারী সচিব (বাজেট)
☎ ৫৫০০৬৮১৭(অফিস)

পরিশিষ্ট- "ক"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

## বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)-র সভা
## তারিখ ঃ ২৯.১২.২০১৫ খ্রিঃ
## সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১. | মোহাম্মদ [illegible], এম, ডি | হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | 01818254637 adil.hossain@gmail.com | [signature] 29/12/15 |
| ২. | মো: [illegible] প্রকল্প পরিচালক | বি সি সি | 01552495118 | [signature] 29/12 |
| ৩. | ড. এ. কে. এম. [illegible] PMS | LICT, BCC | 01712-192464 | [signature] |
| ৪. | এ.এন.এম. সফিকুল ইসলাম | BHTPA | 01712298050 | [signature] |
| ৫. | মোহাম্মদ এনামুল কবির পরিচালক (প্রশিক্ষণ) | বিসিসি | 01555255255 | [signature] |
| ৬. | তারেক এম বরকতউল্লাহ উপ-প্রকল্প পরিচালক, LICT | বিসিসি | 01670974703 | [signature] |
| ৭. | শেখ [illegible] [illegible] | BHTPA | 01552326032 | [signature] |
| ৮. | মোঃ আ: [illegible] | BCC | 01556333231 | [signature] |
| ৯. | মো: মতিউর রহমান C.O | BCC | 01716032406 | [signature] 29/12/15 |
| ১০. | [illegible] কুমার সাহা উপসচিব (প:ও:) | ICTD | 01733074900 | [signature] 29/12/15 |
| ১১. | তসলিম উদ্দিন আহমেদ ডি, জি, ডি,ও,আই সিটি | DOICT | 01757621030 | [signature] |
| ১২. | আবুল মনসুর মোহাম্মদ সারফ উদ্দিন সিসিএ | সিসিএ | 01550151120 | [signature] |
| ১৩. | পার্থপ্রতিম দেব অতিরিক্ত সচিব | ICTD | | [signature] 29/12/15 |
| ১৪. | মোহাম্মদ [illegible] [illegible] উপসচিব | ICTD | 01716234446 | [signature] |
| ১৫. | মাকসুরা নূর উপসচিব | অর্থ বিভাগ | 01926213579 | [signature] 29/12/2015 |
| ১৬. | ড. বিকর্ণ কুমার ঘোষ উপ সচিব ICTD | ICTD | 01716054317 | [signature] 29/12/15 |

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১৭. | এস. এম. মাহফুজুল হক, পরিচালক (অর্থ ও প্রশাসন) | ICT অধিদপ্তর | 01711-449186 | |
| ১৮. | মো: রফিকুল আহসান সহকারী সচিব | ICT Div. | 01712 225370 | |
| ১৯ | মোশাররফ হোসেন DD (অর্থ) | DoICT | 01711-585323 | |
| ২০. | মো: আক্তার হোসেন, সহকারী প্রোগ্রামার | ICT Division | 01711157778 | |
| ২১. | আবুল খায়ের মো: আমিনুল ইসলাম উপ নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন) | CCA | 01715157272 | ২২.১১২৫ |
| ২২. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |
| ৩১. | | | | |
| ৩২. | | | | |